

UK Government
দা
ভিক্টিমস’
কোড
প্রত্যেক ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য, সে যে অপরাধই হোক না কেন।
এর পরে দেওয়া ঠিকানায় গিয়ে আপনার অধিকারগুলি বুঝে নেবেন
victimscode.org.uk

ভিক্টিমস কোড কি?

অপরাধের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তি হিসাবে সকলে যেসব অধিকার সকলে আশা করতে পারে তা এই ভিক্টিমস কোডে বুঝিয়ে বলা হয়েছে।

আপনি যেই হোন না কেন এবং যে অপরাধই হোক না কেন, আপনার ক্রিমিনাল জাস্টিস-এর প্রণালীর সম্বন্ধে ও যেসব সহায়তার পরিষেবা পাওয়া যায় সেগুলির বিষয়ে তথ্য অধিকার আছে।

ভিক্টিমস কোড অনুসারে আমার অধিকারগুলি কি?

১ম অধিকার: আপনার বুঝতে পারা এবং আপনাকে বুঝতে পারা

আপনার এমন উপায়ে তথ্য পাওয়ার অধিকার আছে যা আপনি বুঝতে পারেন এবং আপনার কথা অন্যরা যেন বুঝতে পারে। দরকার হলে, এই সাহায্যের মধ্যে থাকবে দোভাষী ও অনুবাদের পরিষেবা পাওয়া।

২য় অধিকার: অসঙ্গত দেরী না করে অপরাধের বিবরণ লিখে রাখা

আপনার অধিকার আছে যে ঘটনার পরে যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি অপরাধের বিবরণ পুলিশের লিখে রাখা এবং যোগাযোগ করার ব্যাপারে আপনার সাহায্য দরকার হলে আপনি হয়ত বিশেষজ্ঞের কাছ থেকে আপনি হয়ত অতিরিক্ত সহায়তা পেতে পারেন।

৩য় অধিকার: আপনি যখন কোন অপরাধের কথা রিপোর্ট করবেন, তখন আপনাকে তথ্য সরবরাহ করতে হবে

একটা লিখিত স্বীকৃতি পাওয়ার অধিকার আছে যে অপরাধের কথা লিখে রাখা হয়েছে, ক্রিমিনাল জাস্টিসের (অপরাধের বিচার ব্যবস্থার) প্রণালীর সম্বন্ধে তথ্য, সহায়তার পরিষেবাগুলির বিষয়ে বলে দিতে হবে।

৪র্থ অধিকার: ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাথে সহায়তা করে সেই রকম পরিষেবার কাছে আপনাকে রেফার করতে হওয়ার এবং আপনার প্রয়োজন অনুযায়ী সহায়তার ব্যবস্থা পাওয়া

পরিষেবার কাছে আপনাকে রেফার করতে হওয়ার অথবা তাদের সাথে সরাসরি যোগাযোগ করার অধিকার আপনার আছে আদালতে আরও কি অতিরিক্ত সহায়তা আপনি পেতে পারেন তা আপনাকে বলা উচিত।

৫ম অধিকার: ক্ষতিপূরণের বিষয়ে তথ্য প্রদান করা হবে

অপরাধের কারণে কোন কিছু খোয়ানো, ক্ষতি হওয়া অথবা জখম হওয়ার জন্য যে ক্ষতিপূরণ হয়ত পাওয়া যেতে পারে সে বিষয়ে আপনাকে বলতে হওয়ার অধিকার আপনার আছে।

৬ষ্ঠ অধিকার তদন্ত ও প্রসিকিউশনের বিষয়ে তথ্য প্রদান করা হবে

আপনার মামলার ব্যাপারে সাম্প্রতিক খবর জানাতে হওয়ার, গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের কথা আপনাকে বলতে হওয়ার এবং কিছু সিদ্ধান্তের পুনর্বিচার করে দেখার জন্য অনুরোধ করার অধিকার আপনার আছে।

৭ম অধিকার একটা ভিক্টিম পার্সোনাল স্টেটমেন্ট দেওয়া

আপনার একটা বিবৃতি দেওয়ার অধিকার আছে, যেটাতে আদালতকে বলা হবে যে এই অপরাধটা কি ভাবে আপনার ওপর প্রভাব ফেলেছে এবং অপরাধীকে শাস্তি দেওয়ার সময় এটা বিবেচনার মধ্যে নেওয়া হবে।

৮ম অধিকার বিচার, বিচার করার পদ্ধতি এবং সাক্ষী হিসাবে আপনার ভূমিকার সম্বন্ধে তথ্য দেওয়া হবে

আপনাকে সব শুনানীর তারিখ, জায়গা এবং ফলাফল জানাতে হওয়ার অধিকার আপনার আছে। আপনার যদি সাক্ষ্য দেওয়ার দরকার হয়, তাহলে আপনি বিচারের আগে, বিচার হওয়ার সময় এবং বিচারের পরে আপনি সাহায্য পেতে পারেন।

৯ম অধিকার এই মামলার ও সব আপীলের ফলাফলের সম্বন্ধে তথ্য দেওয়া হবে

আপনার অধিকার আছে এই মামলার ফলাফল ও শাস্তির সম্বন্ধে আপনাকে জানাতে হওয়ার। অপরাধী যদি আপীল করে, তাহলে ফলাফলটা আপনাকে জানাতে হবে।

১০ম অধিকার আপনি যোগ্য হলে আপনার ভিক্টিম কন্ট্যাক্ট স্কীমে যোগদান করার অধিকার থাকবে।

আদালতে সাক্ষ্য দেওয়ার জন্য আপনার খরচ দাবি করার অধিকার আছে। প্রমাণ হিসাবে যদি কোন সম্পত্তি নেওয়া হয়ে থাকে, তাহলে অবিলম্বে আপনার তা ফেরত পাওয়া উচিত।

১১শ অধিকার অপরাধী বলে সাব্যস্ত হওয়ার পরে অপরাধীর সম্বন্ধে তথ্য দেওয়া হবে

আপনি যোগ্য হলে আপনার ভিক্টিম কন্ট্যাক্ট স্কীমে যোগদান করার অধিকার থাকবে। এই স্কীম আপনাকে অপরাধীর শাস্তির সম্বন্ধে সাম্প্রতিক তথ্য দেয়, যার মধ্যে থাকবে যে তাকে কবে ছেড়ে দেওয়ার জন্য বিবেচনা করা হচ্ছে।

র আপনার অধিকারগুলি না পাওয়ার জন্য অভিযোগ করা

আপনার সাথে যেরকম আচরণ করা হয়েছে সে বিষয়ে আপনি যদি সন্তুষ্ট না হন তাহলে প্রাসঙ্গিক প্রতিষ্ঠানের কাছে আপনার অভিযোগ করার অধিকার আছে।

ভিক্টিমস কোড কারা প্রদান করে?

ক্রিমিনাল জাস্টিস সংক্রান্ত প্রতিষ্ঠানগুলির দায়িত্ব হচ্ছে নিশ্চিত করা যাতে ক্ষতিগ্রস্ত ব্যক্তিরা (ভিক্টিমরা) ভিক্টিমস কোডের অধিকারগুলি যেন পায়। আপনি ক্রিমিনাল জাস্টিসের প্রণালীর মধ্য দিয়ে যাওয়ার সময় আশা করতে পারেন যে তারা আপনাকে আপনার অধিকারগুলি বলে দেবে।

ক্রিমিনাল জাস্টিস সংক্রান্ত প্রতিষ্ঠানগুলির মধ্যে রয়েছে:

- পুলিশ
- ক্রাউন প্রসিকিউশন সার্ভিস (CPS)
- হিজ ম্যাজেস্টীজ কোর্টস এ্যান্ড ট্রাইবুনালস সার্ভিস (HMCTS)
- ইউথ অফেন্ডিং টীমগুলি
- হিজ ম্যাজেস্টীজ প্রিজন এ্যান্ড প্রোবেশন সার্ভিস (HMPPS)
- ব্রিটিশ ট্র্যান্সপোর্ট পুলিশ (BTP)

আপনি যদি অপরাধটা রিপোর্ট না করার সিদ্ধান্ত নেন, আপনি তবুও সাহায্য পাবেন এবং সহায়তার পরিষেবার কাছ থেকে ভিক্টিমস কোডের বিষয়ে শুনতে পাবেন।

ক্ষতিগ্রস্ত ব্যক্তি হিসাবে আমি কি আরও সাহায্য পেতে পারি?

আপনার বয়স যদি ১৮ বছরের কম হয়, আপনার যদি সহজে ক্ষতি হওয়া সম্ভব বলে মনে করা হয়, আপনাকে যদি হুমকি দেওয়া হয়ে থাকে অথবা বার বার ও ইচ্ছা করে লক্ষ্য হিসাবে ব্যবহার করা হয়ে থাকে, অথবা আপনি কোন গুরুতর অপরাধের ফলে ক্ষতিগ্রস্ত হয়ে থাকেন, তাহলে আপনি হয়ত এনহ্যান্সড অধিকার পাওয়ার যোগ্য হতে পারেন। এর মধ্যে রয়েছে বিশেষজ্ঞ সহায়তার পরিষেবার কাছে রেফার করা, প্রধান সিদ্ধান্তগুলির পরে আরও তাড়াতাড়ি সাম্প্রতিক খবর পাওয়া এবং আদালতে সাক্ষ্য দেওয়ার জন্য অতিরিক্ত সহায়তা পাওয়া।

আমি কি ভাবে আরও তথ্য খুঁজে পাব?

দা ভিক্টিম এ্যান্ড উইটনেস ইনফরমেশন ওয়েবসাইটে আপনার অধিকারগুলি বুঝিয়ে বলা হয়েছে এবং ক্রিমিনাল জাস্টিস প্রণালীর প্রতিটি পর্যায়ের কি আশা করা যেতে পারে – অপরাধটা রিপোর্ট করা, পুলিশের তদন্ত, আদালতে যাওয়া এবং বিচারের পরে। তাছাড়াও আপনার স্থানীয় এলাকায় এবং অনলাইনে কি ভাবে সহায়তা পাওয়া যায় তা জানতে পারবেন।

এর পরে দেওয়া ঠিকানায় গিয়ে আপনার অধিকারগুলি বুঝে নেবেন
victimscode.org.uk